অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্যসেবা ব্যবস্থা উন্নত করার জন্য যুগান্তকারী মেডিকেইড 1115 মওকুফ সংশোধন ঘোষণা করলেন

7.5 বিলিয়ন মার্কিন ডলার মওকুফ নিউ ইয়র্ককে আগামী তিন বছর ধরে স্টেটের স্বাস্থ্যসেবা ব্যবস্থায় প্রায় 6 বিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল বিনিয়োগ করতে দিবে

মওকুফ সংশোধন স্বাস্থ্য সমতা উন্নত করবে এবং পুরো স্টেটে স্বাস্থ্য সংক্রান্ত বৈষম্য দূর করবে

মওকুফ স্বাস্থ্য সম্পর্কিত সামাজিক চাহিদা পূরণ, সেফটি নেট হাসপাতালকে সমর্থন, এবং কর্মীবাহিনীর ঘাটতি পূরণে অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করবে

ছয় বছর পর্যন্ত শিশুদের জন্য অব্যাহত মেডিকেইড যোগ্যতা প্রদান করার জন্য নিউ ইয়র্ক 2024 সালের শুরুর দিকে এর ডেমন্সট্রেশনে একটি সংশোধন পেশের পরিকল্পনা করছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মেডিকেয়ার এবং মেডিকেইড সেবা কেন্দ্রসমূহ (Centers for Medicare and Medicaid Services, CMS) নিউ ইয়র্কের মেডিকেইড সেকশন 1115 ডেমন্সট্রেশনে (Medicaid Section 1115 Demonstration) একটি যুগান্তকারী সংশোধনের অনুমোদন প্রদান করেছে যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক একটি স্বাস্থ্যসেবা ব্যবস্থা গঠনে নিউ ইয়র্কের চলমান প্রয়াসের জন্য অনুঘটক হিসেবে কাজ করবে। ডেমন্সট্রেশনটি পুরো স্টেটে স্বাস্থ্য সমতা অগ্রসর করতে, স্বাস্থ্য বৈষম্য হ্রাস করতে, এবং প্রাথমিক ও আচরণগত স্বাস্থ্য সেবা পাওয়ার সুযোগ বলীয়ান করতে পদক্ষেপের একটি সার্বিক সিরিজকে একত্রিত করে এবং এটি আগামী তিন বছর ধরে 7.5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল দ্বারা সমর্থিত হবে।

"এই সংশোধনটি নিউ ইয়র্ককে এমন অতি গুরুত্বপূর্ণ মেডিকেইড উদ্যোগে বিনিয়োগ করতে দেয় যা এই স্টেটের স্বাস্থ্য সমতাকে উন্নত করবে," **গভর্নর হোকল বলেন।** "সুবিধাবঞ্চিত সম্প্রদায়কে সমর্থন করা, নিউ ইয়র্কবাসীদেরকে পুষ্টি ও আবাসন সমর্থনের মতো অতি গুরুত্বপূর্ণ সেবা প্রদান করা, এবং মাদক ব্যবহার দ্বারা আক্রান্ত ব্যক্তি ও পরিবারের জন্য

অ্যাক্সেস উন্নত করার ক্ষেত্রে সংশোধনের প্রতি CMS এর অনুমোদনটি আমাদেরকে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "এই মেডিকেইড 1115 মওকুফ সংশোধনটি নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও সুস্থতায় বিনিয়োগ অব্যাহত রাখতে বিভাগকে সাহায্য করবে। উচ্চমানের স্বাস্থ্য সেবা ও কর্মসূচিতে বিনিয়োগ অব্যাহত রাখা, স্বাস্থ্যসেবার কর্মীবাহিনী সম্প্রসারণ করা, এবং সত্যিকারের স্বাস্থ্য সমতার দিকে অগ্রসর হওয়ার সুযোগ আমাদেরকে প্রদান করার জন্য আমি CMS কে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের মেডিকেইড পরিচালক আমির বাসিরি বলেন, "বহু মাসের দেনদরবারের পর, আমরা এমন একটি চুক্তি নিশ্চিত করতে পেরেছি যা স্টেটের স্বাস্থ্যসেবা ব্যবস্থার জন্য অতি গুরুত্বপূর্ণ হবে। এই ডেমন্সট্রেশন সংশোধন স্টেটকে স্বাস্থ্য সমতা অগ্রসর করতে, স্বাস্থ্য বৈষম্য হ্রাস করতে, স্বাস্থ্য সম্পর্কিত সামাজিক চাহিদা পূরণ সমর্থন করতে, অতি গুরুত্বপূর্ণ সেফটি নেট হাসপাতাল টিকিয়ে রাখতে, এবং পুরো স্টেটে কর্মীবাহিনীর ঘাটতির সমাধান করার জন্য সম্মুখসারির স্বাস্থ্য ও সামাজিক সেবা পেশাদারদের জন্য ক্যারিয়ারের পথ প্রশিক্ষণ কর্মসূচি স্থাপনা করতে দিবে।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "মেডিকেইড হলো হাজার হাজার নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যসেবার ভিত্তিপ্রস্তর, এবং এই ফেডারেলভাবে অনুমোদিত নিউ ইয়র্কের মেডিকেইড মওকুফ এম্পায়ার স্টেটে সেবাদানের আরো বলীয়ান একটি ভিত্তি তৈরি করবে। সবথেকে যাদের প্রয়োজন তাদেরকে আরো ভালো স্বাস্থ্যসেবা প্রদান করতে, আমাদের সেফটি নেট হাসপাতালগুলিকে সেরা মানের সেবাদানে সাহায্য করতে এবং স্বাস্থ্য কর্মী ঘাটতির মারাত্মক সমস্যা সমাধান করতে 6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল তহবিল বিনিয়োগ করার ক্ষেত্রে গভর্নর হোকলের প্রয়াসের জন্য আমি তার প্রশংসা করছি।"

ডেমোক্রেটিক নেতা হাকিম জেফ্রিস বলেন, "বহু আমেরিকান সৌষ্ঠব ও মর্যাদার সাথে জীবনযাপনের জন্য মেডিকেইডের উপর নির্ভর করে, এবং আমাদের স্বাস্থ্যসেবার নায়কেরা আমাদের হাসপাতাল ব্যবস্থাকে কার্যকর রাখতে এর অতি গুরুত্বপূর্ণ তহবিলের উপর নির্ভর করে। নিউ ইয়র্কে মেডিকেইডকে সুরক্ষিত রাখতে ও বলীয়ান করতে, আমাদের স্বাস্থ্যসেবা কর্মীবাহিনীকে সম্প্রসারিত করতে এবং পুরো স্টেটকে স্বাস্থ্য সমতার দিকে অগ্রসর করতে তাদের কাজের জন্য আমি গভর্নর হোকল, বাইডেন প্রশাসন এবং নিউ ইয়র্ক কংগ্রেশনাল প্রতিনিধিদলকে ধন্যবাদ জানাচ্ছি।"

প্রতিনিধি জেরোল্ড ন্যাডলার বলেন, "আমি আজকের ঘোষণার প্রশংসা করছি যা নিউ ইয়র্কের সেফটি নেট হাসপাতাল সমর্থনে এবং পুরো স্টেটে স্বাস্থ্য সমতা অগ্রসর করতে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় তহবিল প্রদান করবে। এই ডেমন্সট্রেশন প্রকল্পের অনুমোদনের ফলে নিউ ইয়র্ক এমন স্বাস্থ্যসেবা ও কর্মসূচিতে বিনিয়োগ করা অব্যাহত রাখতে পারবে যা আমাদের সুবিধাবঞ্চিত সম্প্রদায়কে সমর্থন করবে।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "এই পদক্ষেপটি নিউ ইয়র্ক স্টেটকে বৈষম্যের মূল কারণ সমাধানে এবং এর ফলে মানুষ ও সম্প্রদায়সমূহের স্বাস্থ্য চাহিদা আরো ভালোভাবে পূরণ করার

জন্য ফেডারেল সংস্থান নিবেদিত করার সামর্থ্য প্রদান করবে। ক্ষণস্থায়ী সমাধানের গণ্ডির বাইরে চিন্তা করা এবং বৃহত্তর আঙ্গিকে চিন্তা করার জন্য গভর্নর হোকলের সাহসী নেতৃত্ব ও উদ্যোগ নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও জীবনে অর্থপূর্ণ, দীর্ঘস্থায়ী উন্নয়ন করবে।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "মানুষ যে পরিবেশে বাস করে তা তার স্বাস্থ্যসেবা ঝুঁকির সাথে সরাসরি সম্পর্কিত, এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের ব্যক্তিরা স্বাস্থ্য অসমতার কারণে নেতিবাচক ফলাফলের উচ্চতর হারের শিকার হচ্ছে। পীড়িত এলাকাসমূহে সেবার অব্যাহত উপলভ্যতা নিশ্চিত করতে তৈরি কর্মীবাহিনী উদ্যোগ বৃদ্ধি করার পরিকল্পনা কর্মসূচির ক্ষেত্রে ফেডারেল এই মওকুফ আমাদের স্টেটকে নমনীয়তা প্রদান করবে। এই মওকুফের প্রয়োজন অনুধাবন করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ এবং স্বাস্থ্যসেবার বহু সামাজিক নির্ণায়ক সমাধানে একত্রে কাজ করার জন্য উন্মুখ।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "আমি দীর্ঘদিন ধরে আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে বলীয়ান করার প্রয়াসের পক্ষে এবং বিশেষ করে আসক্তি ও মানসিক অসুস্থতা নিয়ে সংগ্রাম করতে থাকা ব্যক্তিদের সহানুভূতিশীল, মানসম্পন্ন সেবাদানের জন্য কাজ করেছি। নিউ ইয়র্কবাসীকে যে সার্বিক এই সেবা প্রদান করা হবে তার জন্য আমি কৃতজ্ঞ এবং আমাদের সম্প্রদায়সমূহকে সমর্থন করবে এবং যাদের প্রয়োজন সর্বাধিক তাদেরকে আশা প্রদান করবে এমন ফেডারেল তহবিল নিশ্চিত করতে আমার পক্ষে করা সম্ভব এমন সকল কাজ আমি অব্যাহত রাখবো।"

প্রতিনিধি ড্যান গোল্ডম্যান বলেন, "আমাদের মধ্যে যাদের প্রয়োজন সর্বাধিক তাদের স্বাস্থ্যসেবা প্রদান করা আমাদের সমাজের কর্তব্য, এবং এই সমস্যার সমাধানে আমাদেরকে অবশ্যই একটি সম্পূর্ণ সরকার পন্থা গ্রহণ করতে হবে। পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীদেরকে মানসম্পন্ন, সাশ্রয়ী সেবা পাওয়ার সুযোগ প্রদান করার জন্য 6 বিলিয়ন মার্কিন ডলারের ঐতিহাসিক এই বিনিয়োগ অতি গুরুত্বপূর্ণ। মে মাস থেকে এই উদ্যোগকে সমর্থন করতে পেরে আমি গর্বিত, এবং অতি গুরুত্বপূর্ণ এই তহবিল নিশ্চিত করার জন্য এবং মেডিকেইডের উপর নির্ভরশীল কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য একে বলীয়ান করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

CMS এর অনুমোদন নিউ ইয়র্ককে ব্যাপক ব্যাপ্তির মেডিকেইড উদ্যোগের একটি সিরিজে বড় বিনিয়োগ করতে দিবে, যার মধ্যে রয়েছে উচ্চ চাহিদাসম্পন্ন সদস্যদের অতি গুরুত্বপূর্ণ পুষ্টি ও আবাসন সমর্থন সেবার সাথে সংযুক্ত করে দিবে এমন স্বাস্থ্য, আচরণগত, এবং সামাজিক সেবা সমন্বিত করার জন্য সামাজিক সেবা নেটওয়ার্ক (Social Care Networks) প্রতিষ্ঠা করা; মাদক ব্যবহার ব্যাধির সমন্বিত ও সার্বিক চিকিৎসা পাওয়ার সুযোগ বৃদ্ধি; প্রাথমিক সেবায় বিনিয়োগ করা এবং স্টেটের স্বাস্থ্যসেবা কর্মীবাহিনীতে দীর্ঘমেয়াদি, টেকসই বিনিয়োগ করা।

ডেমন্সট্রেশন সংশোধনে এছাড়াও রয়েছে সেবার পরিমাণের থেকে মূল্যের জন্য অর্থ প্রদান করার একটি পরিশোধ ব্যবস্থায় স্থানান্তর করতে ইচ্ছুক, আর্থিকভাবে পীড়িত সেফটি নেট হাসপাতালের একটি সাবসেটের জন্য মেডিকেইড হাসপাতাল গ্লোবাল বাজেট উদ্যোগ (Medicaid Hospital Global Budget Initiative) সমর্থনের জন্য অর্থায়ন। এই উদ্যোগটি এমন অত্যাবশ্যকীয় সেফটি নেট হাসপাতালকে সমর্থন করবে যারা সর্বাধিক দুর্বল জনগোষ্ঠীকে

সেবাদান করতে সাহায্যে করে এবং যাদের উল্লেখজনক হারে বেশি বিরূপ স্বাস্থ্য ঝুঁকির সমস্যা ও অপেক্ষাকৃত মন্দ স্বাস্থ্য ফলাফল রয়েছে।

ডেমন্সট্রেশনটি সম্মুখসারির স্বাস্থ্য ও সামাজিক সেবা পেশাদারদের জন্য উদ্ভাবনী ক্যারিয়ার পথ প্রশিক্ষণ কর্মসূচিসমূহের মাধ্যমে একটি সেফটি নেট ব্যবস্থায় উল্লেখজনক স্বাস্থ্যসেবা কর্মীবাহিনী ঘাটতি সমাধান করবে যাতে সাংস্কৃতিকভাবে যথাযথ সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করা যায়। এই ক্যারিয়ার পথ প্রশিক্ষণ কর্মসূচিগুলি কর্মীবাহিনী ঘাটতি সমাধানে, এবং একই সাথে চাকরি ও ক্যারিয়ার অগ্রসর করার সুযোগ বৃদ্ধির জন্য একটি নির্ভরযোগ্য স্বাস্থ্যসেবা কর্মীবাহিনী পাইপলাইন তৈরির উদ্দেশ্যে প্রশিক্ষণ ও শিক্ষা প্রদান করবে।

এছাড়া কর্মীবাহিনী উদ্যোগসমূহের মধ্যে থাকবে সুবিধাবঞ্চিত এলাকায় সম্প্রদায়ভিত্তিক অনুশীলনে কাজ করার প্রতিশ্রুতি গ্রহণ করা নির্দিষ্ট স্বাস্থ্যসেবা ক্ষেত্রের কর্মীবাহিনী পেশাদার, যেমন ডেন্টিস্ট, সাইকিয়াট্রিস্ট, এবং ক্লিনিক্যাল নার্স বিশেষজ্ঞদের জন্য একটি ঋণ রিপেমেন্ট কর্মসূচি।

ডেমন্সট্রেশন শেষ হওয়ার আগে, স্টেটের লক্ষ্য হবে এর মূল্য ভিত্তিক পেমেন্ট (Value-Based Payment, VBP) কৌশলে এবং প্রাথমিক সেবা ও জনগণের স্বাস্থ্য ফলাফল উন্নত করার জন্য মেডিকেয়ার ও মেডিকেইডের ক্ষেত্রে সামঞ্জস্যের ক্ষেত্রে উল্লেখজনক অগ্রগতি করা।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418